

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়
১ নং কাষ্টমঘাট মোড়, খুলনা- ৯১০০
www.bbs.gov.bd

বিষয়: বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, খুলনা এর “নৈতিকতা কমিটি” এর ২০২২-২৩ অর্থবছরের ৩য় সভার কার্যবিবরণী:

সভাপতি: জনাব মো: মাহমুদুজ্জামান, যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, খুলনা
সভার তারিখ: ০৫ জানুয়ারি ২০২৩ খ্রি. বৃহস্পতিবার
সভার সময়: সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান: বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ের সম্মেলন কক্ষ, খুলনা
উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট - 'ক'


সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব জনাব মো. হাসানুজ্জামান, প্রধান সহকারী সভার আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। এ পর্যায়ে সদস্য সচিব জানান যে, শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণের জন্য কর্মপরিকল্পনা অনুসারে প্রত্যেকটি কাজের অগ্রগতি উল্লেখপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। তিনি সভাকে অবহিত করেন যে, খুলনা বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত আছে। সভায় উপস্থিত সদস্যবৃন্দ শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ অর্থ বছরের ৩য় কোয়ার্টারের জন্য প্রযোজ্য কার্যসম্পাদন সূচকভিত্তিক আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন।

০২। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনার পর সভার নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম:	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	নৈতিকতা কমিটির সভা আয়োজন (১.১)	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী প্রতি ত্রৈমাসিক নৈতিকতা কমিটির ১টি করে সভা আহবানের লক্ষ্যমাত্রা রয়েছে। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রনয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ অনুযায়ী প্রতি ত্রৈমাসিকের ১ম মাসেই সভা আহবানের বিষয়ে আলোচনা করা হয়।	প্রতি ত্রৈমাসিকের প্রথম মাসেই নৈতিকতা কমিটির সভা আহবান করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন (১.২)	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ে বাস্তবায়নের উপর সভায় আলোচনা করা হয়।	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ে বাস্তবায়ন করতে হবে	সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল)
৩	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা (১.৩)	২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে প্রতি ত্রৈমাসিকে ১টি করে সভা আহবানের লক্ষ্যমাত্রা রয়েছে।	প্রতি ত্রৈমাসিকে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ১টি করে সভা আহবান করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
৪	আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদনের	বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় কর্তৃক নির্ধারিত সময়ে দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়।	ক) নির্ধারিত সময়ের মধ্যে বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় অগ্রগতি প্রতিবেদন	বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সংশ্লিষ্ট সকল) এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা

ক্রম:	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	ওপর ফিডব্যাক প্রদান (১.৬)		দাখিল করতে হবে; খ) নির্ধারিত সময়ের মধ্যে ফিডব্যাক সভা আহ্বান করতে হবে।	
৫	২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ (২.১)	২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনায় রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ৩১ জুলাই ২০২২ সময়ের মধ্যে ওয়েবসাইটে প্রকাশের লক্ষ্যমাত্রা রয়েছে এবং ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে মর্মে সভায় আলোচনা হয়।	নির্ধারিত সময়ের মধ্যে ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;	বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সংশ্লিষ্ট সকল) এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা
৬	বাজেট বাস্তবায়ন (২.৩)	বার্ষিক উন্নয়ন কর্মসূচির আর্থিক অগ্রগতি ৩য় ত্রৈমাসিকে ৫০% নির্ধারণ করা হয়েছে। ২০২২-২৩ অর্থবছরের কর্ম-পরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সভায় আলোচনা হয়।	২০২২-২৩ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা যাতে অর্জিত হয় সে বিষয়ে সচেতন থাকতে হবে। ৩য় লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সংশ্লিষ্ট সকল) এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা
৮	কাজে স্বচ্ছতা আনয়নে মাঠ পর্যায়ে বিদ্যমান অফিস/ প্রকল্প কার্যক্রম তদারকি (৩.৩)	২০২২-২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুসারে মাঠ পর্যায়ে বিদ্যমান জেলা পরিসংখ্যান কার্যালয়ের কার্যক্রম তদারকির জন্য নৈতিকতা কমিটির সদস্যগণ এ অর্থবছরে মোট ১০টি অফিস পরিদর্শন করবেন মর্মে লক্ষ্যমাত্রা রয়েছে। তাঁর মধ্যে ৩য় ত্রৈমাসিকে ৩টি অফিস পরিদর্শন সম্পন্ন হবে। কর্ম- পরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সভায় আলোচনা হয়।	কর্মপরিকল্পনা অনুযায়ী ৩য় ত্রৈমাসিকে ৩ টি অফিস পরিদর্শন সম্পন্ন হবে।	বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সংশ্লিষ্ট সকল) এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা
৯	বিবিধ	শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়ন পূর্বক প্রমাণকসমূহ বিভাগীয় পরিসংখ্যান অফিসে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়।	নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়নপূর্বক প্রমাণকসমূহ বিভাগীয় পরিসংখ্যান অফিসে প্রেরণ করতে হবে।	বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সংশ্লিষ্ট সকল) এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: মাহমুদুল কামান

যুগ্মপরিচালক

বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, খুলনা

☎ ০২৪৭৭৭২৬৬২৩

E-mail:-kashipur67@gmail.com

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।

০২। উপপরিচালক (খুলনা বিভাগের সকল), জেলা পরিসংখ্যান কার্যালয়, ...

০৩। জনাব

০৪। অফিস কপি।



মো: হাসনুজামান

প্রধান সহকারী

বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, খুলনা

ও

সদস্য সচিব (বিভাগীয় নৈতিকতা কমিটি)